গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
জনপ্রশাসন মন্ত্রণালয়
(www.bkkb.gov.bd)

**বিষয়: বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ৫২তম সমন্বয় সভার কার্যবিবরণী**

সভাপতি : তসলিমা কানিজ নাহিদা
মহাপরিচালক (সচিব), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড;
সভার তারিখ : ১০ আগস্ট, ২০২৫
সময় : সকাল ১১:০০ টায়
স্থান : বোর্ডের সভাকক্ষ

উপস্থিত সদস্যগণের তালিকা: পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির সম্মতিক্রমে বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড এর পরিচালক (প্রশাসন) আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যপত্র উপস্থাপন করেন। তিনি জানান সর্বশেষ ১৫ মে, ২০২৫ তারিখ বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ৫১তম সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকলের নিকট যথাসময়ে প্রেরণ করা হয়। কোন আপত্তি বা সংশোধনী না থাকায় তা দৃঢ়করণ করা হলো।

২। বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ৫১তম সমন্বয় সভার আলোচনা এবং গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপ:

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| (১) | **"দিলকুশা বিকেকেবি কল্যাণ ভবন নির্মাণ"-শীর্ষক প্রকল্প:** | | |
| | ৪টি বেইজমেন্টসহ ২টি ১২তলা বিশিষ্ট "দিলকুশা বিকেকেবি কল্যাণ ভবন"-নির্মাণ শীর্ষক প্রকল্পের ওপর ০৫/০৬/২০২৪ তারিখে পরিকল্পনা কমিশনে প্রকল্প মূল্যায়ন কমিটির (পিইসি) সভা অনুষ্ঠিত হয়। সভায় কতিপয় সংশোধনীপূর্বক Recast DPP প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। জনপ্রশাসন মন্ত্রণালয়ে ০৭/০১/২০২৫ তারিখ অনুষ্ঠিত সভায় প্রকল্পের নাম পরিবর্তন করে "দিলকুশা বিকেকেবি কল্যাণ ভবন" রাখা হয়। পিইসি সভার সিদ্ধান্ত অনুযায়ী গণপূর্ত অধিদপ্তর থেকে ২০/০২/২০২৫ তারিখ DPP পাওয়া যায়। অর্থ বিভাগ কর্তৃক প্রস্তাবিত প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ৩৮৭ কোটি ৫৪ লাখ ৪৭ হাজার টাকা ব্যয় অনুমোদন এবং প্রকল্পের অর্থায়নের ধরন নির্ধারণের জি.ও ডিপিপিতে অন্তর্ভুক্ত এবং জনবল নির্ধারণের জন্য আন্তঃমন্ত্রণালয় কমিটির সুপারিশ গ্রহণের সম্মতি প্রদান করা হয়েছে। অর্থ বিভাগ কর্তৃক জনবল নির্ধারিত হলে এ সংক্রান্ত তথ্যাদি DPP-তে অন্তর্ভুক্তির জন্য গণপূর্ত অধিদপ্তরে প্রেরণ করা হবে। গণপূর্ত অধিদপ্তর থেকে Recast DPP প্রাপ্তির পর জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। এ বিষয়ে সংশ্লিষ্টদের সাথে যোগাযোগ অব্যাহত রাখার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। | Recast DPP দ্রুততম সময়ের মধ্যে প্রেরণের জন্য গণপূর্ত অধিদপ্তরের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। Recast DPP প্রাপ্তির পর জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। | ১। অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, গবেষণা ও উন্নয়ন);<br>২। পরিচালক (উন্নয়ন)। |
| (০২) | **"মতিঝিল বিকেকেবি কল্যাণ ভবন নির্মাণ" শীর্ষক প্রকল্প:** | | |
| | ৩টি বেইজমেন্টসহ ২০তলা বিশিষ্ট "মতিঝিল বিকেকেবি কল্যাণ ভবন"-নির্মাণ শীর্ষক প্রকল্পের ওপর ১৩/১১/২০২৪ তারিখ পরিকল্পনা কমিশনে প্রকল্প মূল্যায়ন কমিটির (পিইসি) সভা অনুষ্ঠিত হয়। সভায় | অর্থ বিভাগ কর্তৃক জনবল নির্ধারণের প্রস্তাব অনুমোদনের জন্য যোগাযোগ অব্যাহত | ১। অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, গবেষণা ও উন্নয়ন); |

Scanned with CamScanner

| | | | |
|---|---|---|---|
| | কতিপয় সংশোধনীপূর্বক Recast DPP প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। স্থাপত্য অধিদপ্তর ২৭/০১/২০২৫ তারিখ স্থাপত্য নকশা বোর্ডে প্রেরণ করে। জনপ্রশাসন মন্ত্রণালয়ে ০৭/০১/২০২৫ তারিখ অনুষ্ঠিত সভায় প্রকল্পের নাম পরিবর্তন করে "মতিঝিল বিকেকেবি কল্যাণ ভবন নির্মাণ" রাখা হয়। পিইসি সভার সিদ্ধান্ত অনুযায়ী গণপূর্ত অধিদপ্তর থেকে ৩০/০১/২০২৫ তারিখ গণপূর্ত অধিদপ্তর থেকে পুনর্গঠিত ডিপিপি পাওয়া যায়। স্থাপত্য নকশা এবং জনবল সম্পর্কিত তথ্য ১২ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাধ্যমে জনবল নির্ধারণের প্রস্তাব অর্থ বিভাগে প্রেরণ করা হয়েছে। একই প্রতিষ্ঠানের ২টি প্রকল্পের প্রস্তাব একই সাথে প্রেরিত হয়েছে বিধায় এ প্রকল্পের জনবল নির্ধারণ পরবর্তীতে সম্মতি প্রদান করা হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট কার্যালয়ের সাথে যথাযথ যোগাযোগ অব্যাহত রাখার বিষয়ে সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন। | রাখতে হবে। | ২। পরিচালক (উন্নয়ন)। |
| (৩) | **সরকারি কর্মচারীগণের বিশেষ চাহিদাসম্পন্ন/প্রতিবন্ধী সন্তানদের জন্য সেবা ও সাহায্য কেন্দ্র বা প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন:** | | |
| | সরকারি কর্মচারীর বিশেষ চাহিদাসম্পন্ন/প্রতিবন্ধী সন্তানদের জন্য সেবা ও সাহায্য কেন্দ্র বা প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের নিমিত্ত গাজীপুর জেলার সদর উপজেলাধীন পানিশাইল মৌজায় বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের অনুকূলে বরাদ্দকৃত জমিতে সরকারি কর্মচারীর প্রতিবন্ধী সন্তানদের জন্য সেবা প্রদান বিষয়ে সুনির্দিষ্ট প্রস্তাব প্রস্তুত এবং Feasibility Studyসহ করণীয় নির্ধারণকল্পে বোর্ডের সাথে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের আওতাভুক্ত বিশেষায়িত প্রতিষ্ঠান হিসেবে জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন এবং নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্টের সাথে সমঝোতা খসড়া স্মারক (MOU) স্বাক্ষরিত হয়েছে। জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে স্মারক (MOU) প্রশাসনিক অনুমোদনের পর Feasibility Study-র Expression of Interest (EoI) ও ডিপিপি প্রণয়নের কাজ শুরু করতে হবে।<br><br>বন্দোবস্তপ্রাপ্ত ভূমি একটি অস্থায়ী রাস্তা দ্বারা ২(দুই) অংশে বিভক্ত। ১ম অংশে (উত্তর) ভূমির পরিমাণ ১.২৪২৫ একর, যা বর্তমানে অবৈধ দখলে রয়েছে। ২য় অংশে (দক্ষিণ) ২.১০ একর ভূমি নিষ্কন্টক ও ব্যবহারযোগ্য। উক্ত ভূমিতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাইন বোর্ড স্থাপন করা হয়েছিল, যা অবৈধ দখলদার কর্তৃক সাইন বোর্ডগুলো অপসারণপূর্বক টিনের বেড়া দিয়ে বেদখল করা হয়েছে। বোর্ডের ১৯ মার্চ ২০২৫ তারিখের ১৮৩ সংখ্যক স্মারকের মাধ্যমে জেলা প্রশাসক, গাজীপুরকে পত্র প্রেরণ করা হয়েছে। তৎপ্রেক্ষিতে জেলা প্রশাসকের কার্যালয়, গাজীপুর থেকে ১০ জুলাই ২০২৫ তারিখের ১২৬০ সংখ্যক স্মারকের মাধ্যমে উচ্ছেদ মোকাদ্দমা নং ৭৪/২০২৫ এর নোটিশ জারীঅন্তে এসআর ফেরত প্রদানের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাধ্যমে অনুরোধ করা হয়েছে। বন্দোবস্তপ্রাপ্ত ভূমিটির সীমানা প্রাচীর নির্মাণের লক্ষ্যে ব্যয় প্রাক্কলন প্রস্তুতপূর্বক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের বিষয়ে সভায় আলোকপাত | বন্দোবস্তপ্রাপ্ত ভূমিটির সীমানা প্রাচীর নির্মাণের জন্য গণপূর্ত অধিদপ্তরের মাধ্যমে ব্যয় প্রাক্কলনের জন্য পত্র প্রেরণ করতে হবে। | ১। অতিরিক্ত মহাপরিচালক(পরিকল্পনা, গবেষণা ও উন্নয়ন)<br>২।পরিচালক (উন্নয়ন), |

Scanned with CamScanner

| | | | |
|---|---|---|---|
| | করা হয়। | | |
| (৪) | **চট্টগ্রামের আগ্রাবাদে প্রস্তাবিত বহুতল ভবন নির্মাণ:** | | |
| | চট্টগ্রামের আগ্রাবাদে ১০৪.৯৪ শতাংশ (৩.১৮ বিঘা) জমিতে ৩টি বেইজমেন্টসহ ২০তলা বিশিষ্ট কল্যাণ ভবন নির্মাণের লক্ষ্যে স্থাপত্য অধিদপ্তর থেকে ১৭/০৬/২০২৫ তারিখ স্থাপত্য নকশা পাওয়া গেছে। স্থাপত্য নকশা জনপ্রশাসন মন্ত্রণালয়ে ০২ জুলাই ২০২৫ তারিখ প্রেরণ করা হয়েছে। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়ে ২৭ জুলাই ২০২৫ তারিখ স্থাপত্য নকশার ওপর সভা অনুষ্ঠিত হয়। সভায় নকশার বিষয়ে কতিপয় সংশোধনীর নির্দেশনা প্রদান করা হয়। সংশোধনী নকশা স্থাপত্য অধিদপ্তর থেকে পাওয়া গেলে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হলে গণপূর্ত অধিদপ্তরে DPP প্রণয়নের জন্য প্রেরণ করা হবে। গণপূর্ত অধিদপ্তর থেকে প্রাপ্ত ডিপিপি জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাধ্যমে পরিকল্পনা কশিমনের প্রেরণ করা হবে। | দ্রুততম সময়ের মধ্যে ডিপিপি প্রণয়নের জন্য গণপূর্ত অধিদপ্তরের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | ১। পরিচালক, বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম,<br>২। নির্বাহী স্থপতি, স্থাপত্য অধিদপ্তর;<br>৩। নির্বাহী প্রকৌশলী গণপূর্ত বিভাগ-৪ চট্টগ্রাম। |
| (৫) | **বান্দরবান জেলা শহরে পর্যটন কেন্দ্র স্থাপন:** | | |
| | বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের নামে বান্দরবান মৌজায় দাগ নম্বর-১৮৬৯ ও ১৮৭০ দাগে ০১ একর জমিটি ১৯৮৪ সালে বন্দোবস্ত প্রদান করা হয়। বোর্ড উক্ত ভূমির ভূমি উন্নয়ন কর নিয়মিতভাবে পরিশোধ করে আসছে। জমিটি দীর্ঘকাল বে-দখলে ছিল। ২৮/১০/২০২৪ তারিখ জেলা প্রশাসন বান্দরবান কর্তৃক জায়গাটির সরেজমিনে দখল বোর্ডের অনুকূলে দখলসত্ব বুঝিয়ে দেয়া হয়। দখল বুঝে নেয়ার পর জায়গাটিতে বাংলাদেশ কর্মচারী বোর্ডের নামাংকিত সাইনবোর্ড লাগানো হয়েছে। উক্ত জমিতে বোর্ড কর্তৃক ডিপোজিট ওয়ার্ক হিসেবে গণপূর্ত অধিদপ্তরের মাধ্যমে সীমানা প্রাচিরের নির্মাণ কাজ শুরু করা হয়। ইতোমধ্যে সীমানা প্রাচিরের দুইদিকের আরসিসি কলাম এবং গাঁথুনীর কাজ সম্পন্ন হয়েছে। কাজ চলমান অবস্থায় জনৈক উৎসব ঘোষ রিট পিটিশনারগণের পক্ষে আমমোক্তার হয়ে বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট ডিভিশনে একটি রিট মামলা (মামলা নম্বর ৭১০৫/২০২৫) দায়ের করায় কোর্ট হতে নির্মাণ কাজ ৩ মাসের জন্য স্থিতাবস্থা আদেশ জারি করা হয়। মহামান্য হাইকোর্টের আদেশ অনুযায়ী বর্তমানে সীমানা প্রাচিরের নির্মাণ কাজ বন্ধ রয়েছে। উক্ত মামলায় সচিব, ভূমি মন্ত্রণালয়, সচিব, পার্বত্য উন্নয়ন বিষয়ক মন্ত্রণালয়, চেয়ারম্যান, বান্দরবান পার্বত্য উন্নয়ন কাউন্সিল, জেলা প্রশাসক, বান্দরবান, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), বান্দরবান, উপজেলা নির্বাহী অফিসার, বান্দরবান, সহকারী কমিশনার (ভূমি), বান্দরবান ও হেডম্যান ৩১৩ নম্বর বান্দরবান মৌজা এবং ডেপুটি অ্যাটর্নি জেনারেল (ডিএজি) জনাব মোঃ বদিউজ্জামান তপাদার ও সহকারী অ্যাটর্নি জেনারেলকে পক্ষভুক্ত করা হয়েছে। উক্ত জমির প্রকৃত মালিক ও দখলদার বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড হলেও কল্যাণ বোর্ড কে পক্ষভুক্ত করা হয়নি। রিট নিষ্পত্তির জন্য উল্লিখিত রিট পিটিশন মামলার সার্টিফাইড কপি তোলা প্রয়োজন। রিট মামলার বিষয়ে পরবর্তী করণীয় সম্পর্কে ডেপুটি অ্যাটর্নি জেনারেল মহোদয়ের পরামর্শ গ্রহণ করা যেতে পারে। মহামান্য হাইকোর্ট এর রিট পিটিশন মামলা নম্বর ৭১০৫/২০২৫, তারিখ- ১৯/০৫/২০২৫ এর মাধ্যমে জারীকৃত স্থিতাবস্থার মেয়াদ ১৭ আগস্ট ২০২৫ তারিখে শেষ হবে। স্থিতাবস্থা শেষ হওয়ার সাথে সাথে বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের জায়গার সীমানা প্রাচীর নির্মাণের অবশিষ্ট কাজ দ্রুততম সময়ে সম্পন্ন করার জন্য প্রধান কার্যালয়ের নির্দেশনা রয়েছে। সে পরিপ্রেক্ষিতে সীমানা প্রাচীর নির্মাণের অবশিষ্ট | (ক) দ্রুততম সময়ে সীমানা প্রাচীর নির্মাণের কাজ সম্পন্ন করতে হবে;<br>(খ) "Rest House Cum Resort" নির্মাণের লক্ষ্যে Feasibility Study মাধ্যমে একটি স্বয়ংসম্পন্ন প্রতিবেদন প্রস্তুতের নিমিত্ত একটি কমিটি গঠন করতে হবে। | ১। পরিচালক (উন্নয়ন);<br>২।পরিচালক, বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম। |

Scanned with CamScanner

| | | | |
|---|---|---|---|
| | কাজ দ্রুততম সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য নির্বাহী প্রকৌশলী বান্দরবান গণপূর্ত বিভাগকে অনুরোধ জানিয়ে ইতোমধ্যে পত্র প্রেরণ করা হয়েছে। বর্ণিত জায়গায় "Rest House Cum Resort" নির্মাণের লক্ষ্যে Feasibility Study করে একটি স্বয়ংসম্পন্ন প্রতিবেদন প্রস্তুতের নিমিত্ত একটি কমিটি গঠনের বিষয়ে গুরুত্বারোপ করা হয়। | | |
| (৬) | **বোর্ডের আয় বৃদ্ধির লক্ষ্যে বরিশালে বাণিজ্যিক ভবন নির্মাণ:** | | |
| | বিভাগীয় কমিশনার বরিশাল কর্তৃক বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, বরিশালে বোর্ডের আয় বৃদ্ধির লক্ষ্যে বাণিজ্যিক ভবনের জন্য বরিশাল সিটি কর্পোরেশনের আওতাধীন বরিশাল-তালতলি-শায়েস্তাবাদ সড়কের সরকারি হাঁস মুরগীর খামার সংলগ্ন জে.এল, ৪৮ নং আমানতগঞ্জ মৌজার এস.এ. ১ নং খাস খতিয়ানভুক্ত ৭৯৫ নং দাগের ২.০০ (দুই) একর এস.এ. জরিপে ভিটা শ্রেণি হিসেবে রেকর্ডভুক্ত (ঝিল/ডোবা হিসেবে বর্তমানে পরিত্যক্ত) জমিটি বরাদ্দ প্রদানের প্রস্তাব প্রেরণ করা হয়। জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রশাসনিক অনুমোদন জ্ঞাপন করা হয়। জেলা প্রশাসক, বরিশালের মাধ্যমে ভূমি মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণের বিষয়ে গুরুত্বারোপ করা হয়। | জেলা প্রশাসক, বরিশালের মাধ্যমে ভূমি মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করতে হবে। | পরিচালক, বিভাগীয় কার্যালয়, বরিশাল, |
| (৭) | **বোর্ডের আয়বর্ধক প্রকল্প হিসেবে চট্টগ্রামের নাসিরাবাদ হাউজিং এ Rest House Cum Dormitory নির্মাণ:** | | |
| | পরিত্যক্ত সম্পত্তি ব্যবস্থাপনা বোর্ড (এপিএমবি) চট্টগ্রাম এর ১৭৮তম সভায় জেলা আবাসন বোর্ড, চট্টগ্রাম এর নিয়ন্ত্রণাধীন চট্টগ্রাম জেলার পাঁচলাইশ থানাধীন পূর্ব নাসিরাবাদ মৌজায় অবস্থিত একতলা বিশিষ্ট সংরক্ষিত তালিকাভুক্ত পরিত্যক্ত সরকারের দখলে থাকা বাড়িটি (গেজেট পৃষ্ঠা নং- ৯৭৬২ (১০৫), ক্রমিক নং-২১৬, মূল ভবন ২৪৮.৩২ বর্গমিটার, একটি রাস্তা ৮৭.৭০ বর্গমিটার, সীমানা প্রাচীর ১৩২.৭০ বর্গমিটার ও ড্রেন ৪৪.৩৪ বর্গমিটার এবং বাস্তব জমির পরিমাণ ২১ শতাংশ) বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের অনুকূলে ১,০০,০০১ (এক লাখ এক) টাকা প্রতীকীমূল্যে স্থায়ীভাবে বরাদ্দ/বিক্রয় প্রদানের সিদ্ধান্ত গৃহীত হওয়ায় বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম কর্তৃক সুপারিশসহ ২ জানুয়ারি ২০২৪ তারিখ ৪ সংখ্যক পত্রের মাধ্যমে সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় বরাবর প্রস্তাব প্রেরণ করা হয়। চট্টগ্রামের নাসিরাবাদ অভিজাত এলাকায় খাস/অর্পিত/পরিত্যক্ত জমি বন্দোবস্তকরণের জন্য গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে প্রেরিত প্রস্তাব নিষ্পত্তিকরণের ব্যবস্থা গ্রহণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে ১৯ জুন ২০২৫ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে। গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে সরাসরি পত্র এবং ব্যক্তিগত যোগাযোগের মাধ্যমে নিষ্পত্তি করার বিষয়ে আলোকপাত করা হয়। | ভূমি বন্দোবস্তের জন্য গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে পত্র প্রেরণ এবং যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | ১। পরিচালক, বিভাগীয় কার্যালয় চট্টগ্রাম। |
| (৮) | **পটুয়াখালী জেলার কুয়াকাটায় রেস্টহাউস কাম রিসোর্ট নির্মাণের জন্য ভূমি বরাদ্দের ব্যবস্থা:** | | |
| | জেলা প্রশাসক, পটুয়াখালী কর্তৃক কুয়াকাটায় রেস্টহাউজ কাম রিসোর্ট নির্মাণের জন্য ০.৬৯ একর ভূমি বন্দোবস্ত প্রদানের লক্ষ্যে ১৩/০৯/২০২২ তারিখ ভূমি মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করে। ভূমি মন্ত্রণালয় থেকে ১০/১০/২০২২ তারিখে উক্ত ভূমিতে ৩টি দেওয়ানি মামলা থাকায় তা নিষ্পত্তি করে পুনরায় প্রস্তাব প্রেরণের সুপারিশ করা হয়। (ক) ২১৬/২০২১ নং দেওয়ানি মামলার শুনানি ১৬/০২/২০২৫ তারিখ অনুষ্ঠিত হয়েছে। (খ) ১৮৫/২০২২ এবং (গ) ১১৬/২০২১ নং দেওয়ানি মামলার শুনানির | চলমান মামলা নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক, বিভাগীয় কার্যালয়, বরিশাল |

| | | | |
|---|---|---|---|
| | তারিখ এখনও নির্ধারণ হয়নি। মামলাটি নিষ্পত্তিকরণের কার্যকর ব্যবস্থা গ্রহণে সভায় নির্দেশনা প্রদান করা হয়। | | |
| (৯) | **বিমান বন্দরে কল্যাণডেস্ক স্থাপন:** | | |
| | কর্মরত ও অবসরপ্রাপ্ত সরকারি কর্মকর্তা-কর্মচারীগণের জন্য বিদেশ গমনের ক্ষেত্রে বিমানবন্দরে প্রটোকল সুবিধা নেই। এছাড়া অবসরপ্রাপ্ত কর্মচারী যারা সিনিয়র সিটিজেন তাঁরা বিমানবন্দরের আনুষ্ঠানিকতা প্রতিপালনে অসুবিধার সম্মুখীন হয়ে থাকেন। কর্মরত/অবসরপ্রাপ্ত কর্মচারীগণকে সহযোগিতা প্রদানের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের উদ্যোগে বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড এর নিয়ন্ত্রণে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের টার্মিনালে-১ এর ২য় তলায় ১নং গেইট এর ভিতরে ১৪০ বর্গফুট জায়গা জনপ্রশাসন মন্ত্রণালয়ের উদ্যোগে কর্মচারী কল্যাণ বোর্ড কর্তৃক কল্যাণডেস্ক স্থাপিত হয়েছে। কল্যাণডেস্ক উদ্বোধনসহ কার্যক্রম গ্রহণ করতে হবে। | দ্রুততম সময়ে উদ্বোধপূর্বক কার্যক্রম গ্রহণ করতে হবে। | ১। পরিচালক (উন্নয়ন), প্রধান কার্যালয়, ঢাকা। |
| (১০) | **মাসিক কল্যাণভাতা, যৌথবীমার এককালীন অনুদান ও দাফন/ অন্ত্যেষ্টিক্রিয়া:** | | |
| | মাসিক কল্যাণ অনুদান, যৌথবীমার এককালীন অনুদান ও দাফন/অন্ত্যেষ্টিক্রিয়া অনুদানের আবেদনে মৃত্যুসনদ বিভিন্নভাবে প্রদান করা হয় এবং নামের বানানেও ভুল থাকে। এ সমস্যা সমাধান কল্পে প্রস্তাবিত অনুদানের আবেদনের সাথে কর্মচারীর অনলাইন মৃত্যুসনদের কপি দাখিল করা বাধ্যতামূলক করার বিষয়ে সভা আলোচনা হয়। | মাসিক কল্যাণ অনুদান, যৌথবীমার এককালীন অনুদান ও দাফন/ অন্ত্যেষ্টিক্রিয়া অনুদানের আবেদনের সাথে মৃত্যুসনদের অনলাইন কপি দাখিল বাধ্যতামূলক করে এ সংক্রান্ত প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে। | ১। পরিচালক (প্রশাসন), ২। পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল) |
| (১০) | **ওয়েবসাইট হালনাগাদকরণ কার্যক্রম:** | | |
| | (ক) প্রধান কার্যালয়ের ওয়েবসাইটে তথ্য হালনাগাদকরণ অব্যাহত রাখতে হবে;<br>(খ) বিভাগীয় কার্যালয়সমূহের ওয়েবসাইটের সকল মেনু ও সেবাবক্সের সকল লিংক নিয়মিত ও সঠিকভাবে হালনাগাদপূর্বক প্রতি মাসের ০৭ তারিখের মধ্যে বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রধান কার্যালয়ে প্রেরণ করার বিষয়ে গুরুত্বারোপ করা হয়। | (ক) প্রধান কার্যালয়ের ওয়েবসাইট প্রতিনিয়ত হালনাগাদ করতে হবে;<br>(খ) বিভাগীয় কার্যালয়ের ওয়েবসাইট প্রতিনিয়ত হালনাগাদ পূর্বক প্রতিমাসে প্রতিবেদন প্রেরণ করতে হবে। | ১। পরিচালক (প্রশাসন)<br>২। পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল),<br>৩। সিস্টেম এনালিস্ট |
| (১১) | **বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বিষয়ক কার্যক্রম:** | | |
| | মন্ত্রিপরিষদ বিভাগ এবং জনপ্রশাসন মন্ত্রণালয় হতে ২০২৫-২৬ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বিষয়ক কোন নির্দেশনা এ পর্যন্ত পাওয়া যায়নি। এ সংক্রান্ত কোন নির্দেশনা পাওয়া গেলে তা দ্রুত বাস্তবায়ন করা যেতে পারে। | মন্ত্রিপরিষদ বিভাগ এবং জনপ্রশাসন মন্ত্রণালয় হতে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বিষয়ক কোন নির্দেশনা পাওয়া গেলে তা দ্রুত বাস্তবায়ন করতে হবে। | ১। পরিচালক (প্রশাসন)<br>২। পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল)<br>৩। সিস্টেম এনালিস্ট |
| (১২) | **অডিট আপত্তি নিষ্পত্তি:** | | |
| | ২০০৪-২০০৮ অর্থবছরের ৪টি SFI আপত্তি ছিল। তন্মধ্যে ২টি আপত্তি নিষ্পত্তি হয়েছে। উক্ত অর্থবছরের আর ২টি আপত্তি অনিষ্পত্তি রয়েছে। অবশিষ্ট ২টি অডিট আপত্তির নিষ্পত্তির লক্ষ্যে ব্রডশিট জবাব জনপ্রশাসন মন্ত্রণালয়ের সুপারিশসহ আইটি ও জনসেবা অডিট অধিদপ্তরে পত্র প্রেরণের নিমিত্ত ১৭/০৬/২০২৫ তারিখের ৩৪৪ সংখ্যক স্মারকের মাধ্যমে পত্র প্রদান করা হয়েছে। ২০২১-২২ অর্থবছরের ৪টি Non-SFI অডিট আপত্তি রয়েছে। ২০২১- | অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১। পরিচালক (প্রশাসন)<br>২। পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল) |

Scanned with CamScanner

| | | | |
|---|---|---|---|
| | ২২ অর্থবছরের ৪টি Non-SFI অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে ২১/০৭/২০২৫ তারিখে ৪১০ সংখ্যক স্মারকের মাধ্যমে আইটি ও জনসেবা অডিট অধিদপ্তরে পত্র প্রদান করা হয়েছে। Audit Management and Monitoring System- 2.0 (AMMS-2.0) সফটওয়্যারে দৃশ্যমান ৯৩টি অডিট আপত্তির মধ্যে ১৩টি অডিট আপত্তি Reconciliation এর মাধ্যমে নিষ্পত্তি করা হয়েছে। অবশিষ্ট ৮০টি অডিট আপত্তি রয়েছে। Audit Management and Monitoring System- 2.0(AMMS-2.0) সফটওয়্যারে বর্তমান ৮০টি আপত্তি Reconciliation করার জন্য আইটি ও জনসেবা অডিট অধিদপ্তরে বোর্ডের ২৭/০৭/২০২৫ তারিখের ৪২৮ সংখ্যক স্মারকের মাধ্যমে পত্র প্রেরণ করা হয়েছে। সভায় পূর্বতন নথিতে নিষ্পত্তিকৃত আপত্তির তথ্যের মাধ্যমে অবশিষ্ট অডিট আপত্তি নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে গুরুত্বারোপ করা হয়। | | |
| (১৩) | **অভ্যন্তরীণ প্রশিক্ষণ:** | | |
| | মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি নির্দেশিকা ২০২৪-২৫ তে ইতোপূর্বে অভ্যন্তরীণ প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা ১০তম গ্রেড থেকে তদনিম্ন কর্মচারীদের জন্য ৬০ জনঘন্টা এবং ৯ম গ্রেড ও তদুর্ধ কর্মকর্তাদের সক্ষমতা উন্নয়নের জন্য ৪টি লার্নিং সেশন আয়োজন করার লক্ষ্যমাত্রা নির্ধারিত ছিল। উল্লেখ্য, এ অর্থবছরে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বিষয়ক কোন নির্দেশিকা এ পর্যন্ত প্রকাশ হয়নি। কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে পূর্বের ধারাবাহিকতায় অভ্যন্তরীণ প্রশিক্ষণ (In house training) কার্যক্রম বাস্তবায়ন এবং সংশ্লিষ্ট বিষয়ে দক্ষ প্রশিক্ষক নির্বাচনের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। | ১) ২০২৫-২৬ অর্থবছরে কর্মকর্তা/ কর্মচারীদের অভ্যন্তরীণ প্রশিক্ষণ (In house training) কার্যক্রম বাস্তবায়ন করতে হবে;<br>২) প্রশিক্ষণ প্রদান গুণগত মানসম্পন্ন ও বাস্তবধর্মী হতে হবে এবং সংশ্লিষ্ট বিষয়ে দক্ষ প্রশিক্ষক নির্বাচন করতে হবে। | ১। পরিচালক (প্রশাসন)<br>২। পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল) |
| (১৪) | **অভিযোগ প্রতিকার ব্যবস্থা Grievance Redress System (GRS):** | | |
| | বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডে www.grs.gov.bd সিস্টেমে প্রাপ্ত অভিযোগসমূহ নির্ধারিত সময়ে নিষ্পত্তির ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। GRS এ প্রাপ্ত অভিযোগসমূহ নির্দিষ্ট সময়ের মধ্যে নিষ্পত্তি করার বিষয়ে গুরুত্বারোপ করা হয়। | বোর্ডের প্রধান কার্যালয় ও বিভাগীয় কার্যালয়সমূহে www.grs.gov.bd এ প্রাপ্ত অভিযোগসমূহ নির্দিষ্ট সময়ের মধ্যে নিষ্পত্তি করতে হবে। | ১। পরিচালক (প্রশাসন)<br>২। পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল) |
| (১৫) | **সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন:** | | |
| | সেবা প্রদান প্রতিশ্রুতি নিয়মিত হালনাগাদ করার বিষয়ে সভায় নির্দেশনা প্রদান করা হয়। এছাড়া 'বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড এর সিটিজেন্স চার্টার পরিবীক্ষণ কমিটি'র কার্যক্রম বাস্তবায়ন করা যেতে পারে।<br>এছাড়া বিভাগীয় কার্যালয়ের সাথে এ বিষয়ে প্রয়োজনে সভা আয়োজনের মাধ্যমে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদপূর্বক ওয়েবসাইটে প্রকাশ করা যেতে পারে মর্মে সভায় আলোচনা হয়। | সেবা প্রদান প্রতিশ্রুতি নিয়মিত হালনাগাদকরণ এবং ওয়েবসাইটে প্রকাশ নিশ্চিত করতে হবে; | ১। পরিচালক (প্রশাসন),<br>২। পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল),<br>৩। সিস্টেম এনালিস্ট |
| (১৬) | **তথ্য অধিকার:** | | |
| | তথ্য অধিকার আইন অনুযায়ী তথ্য প্রাপ্তির আবেদন নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তি এবং স্বতঃপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য সকল তথ্য হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ করা এবং সকল প্রতিবেদন সঠিকভাবে ওয়েবসাইটে হালনাগাদ করার বিষয়ে সভায় আলোচনা | (১) তথ্য অধিকার আইন অনুযায়ী তথ্য প্রাপ্তির আবেদন নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তি করতে হবে;<br>(২) সকল প্রতিবেদন | ১। পরিচালক (প্রশাসন)<br>২। পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল),<br>৩। সিস্টেম এনালিস্ট, |

Scanned with CamScanner

| | | | |
|---|---|---|---|
| | করা হয়। | সঠিকভাবে ওয়েবসাইটের সংশ্লিষ্ট সেবাবক্সে আপলোড করতে হবে। | |
| (১৭) | **শাখা পরিদর্শন:** | | |
| | বোর্ডের প্রধান এবং বিভাগীয় কার্যালয়ের শাখাসমূহ নিয়মিত পরিদর্শন করতে হবে। পরিদর্শন প্রতিবেদন অনুযায়ী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে এবং প্রতিবেদন ওয়েবসাইটে আপলোডের প্রতি বিশেষ গুরুত্ব প্রদান করা হয়। | সচিবালয় নির্দেশমালা মোতাবেক শাখা পরিদর্শন করে প্রতিবেদন দাখিল করতে হবে। | ১। পরিচালক (প্রশাসন),<br>২। পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল) |
| (১৮) | **বোর্ডে অর্থ বিনিয়োগ:** | | |
| | বোর্ডের ৩০ জুন, ২০২৫ তারিখে বিভিন্ন ব্যাংক হিসাবে অব্যয়িত অর্থ মহাপরিচালক কর্তৃক অনুমোদন প্রাপ্তির পর সরকারি ব্যাংকসমূহ (সোনালী, অগ্রনী, জনতা, কৃষি, রূপালী) প্রাপ্ত সর্বোচ্চ রেটে বিনিয়োগ করার বিষয়ে গুরুত্বারোপ করা হয়। | অব্যয়িত অর্থ মহাপরিচালকের অনুমোদনক্রমে সরকারি ব্যাংকসমূহ (সোনালী, অগ্রনী, জনতা, কৃষি, রূপালী) প্রাপ্ত সর্বোচ্চ রেটে বিনিয়োগ করতে হবে। | ১। অতিরিক্ত মহারিচালক;<br>২।পরিচালক (প্রশাসন), |

**৩। বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড কর্তৃক প্রদেয় বিভিন্ন অনুদানের প্রাপ্ত আবেদন, নিষ্পত্তিকৃত আবেদন ও অনিষ্পন্ন আবেদনের তথ্য প্রেরণ:**

**আলোচনা:** বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের বিভিন্ন অনুদানের প্রাপ্ত আবেদন, নিষ্পত্তিকৃত আবেদন, অনিষ্পন্নকৃত আবেদনের হিসাব এবং সেবাখাতের মঞ্জুরিকৃত অর্থের খাতভিত্তিক ব্যয় উল্লেখপূর্বক প্রতিমাসের ৫ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে। এছাড়া মাসিক কল্যাণভাতার ব্যয়বিবরণী হিসাব ব্যাংকের সাথে রিকনসাইলপূর্বক প্রতি অর্থবছরে ৩১ ডিসেম্বর ও ৩০ জুন রির্পোট প্রদান করার বিষয়ে গুরুত্বারোপ করা হয়। অনিষ্পন্ন আবেদনসমূহ দ্রুতসময়ের মধ্যে বিধিমোতাবেক নিষ্পত্তি করার বিষয়েও উল্লেখ করা হয়। মাসিক প্রতিবেদনে নিম্নবর্ণিত নির্ধারিত ছকে তথ্য প্রেরণের করা যেতে পারে:

**সেবার নাম: সাধারণ চিকিৎসা অনুদান**
**মাসের নাম:**

| গত মাসের জের | আলোচ্য মাসে প্রাপ্ত আবেদন | আলোচ্য মাসে প্রাপ্ত আপত্তির জবাব | মোট | আলোচ্য মাসে নিষ্পত্তি | অনিষ্পন্ন | প্রদত্ত অনুদানের পরিমাণ (টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ (১+২+৩) | ৫ | ৬ | ৭ | ৮ |
| | | | | | | | |

**সেবার নাম: মাসিক কল্যাণ অনুদান**
**মাসের নাম:**

| গত মাসের জের | আলোচ্য মাসে প্রাপ্ত আবেদন | আলোচ্য মাসে প্রাপ্ত আপত্তির জবাব | মোট | আলোচ্য মাসে নিষ্পত্তি | অনিষ্পন্ন | প্রদত্ত অনুদানের পরিমাণ (টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ (১+২+৩) | ৫ | ৬ | ৭ | ৮ |
| | | | | | | | |

Scanned with CamScanner

**সেবার নাম: যৌথবীমার অনুদান**

**মাসের নাম:**

| গত মাসের জের | আলোচ্য মাসে প্রাপ্ত আবেদন | আলোচ্য মাসে প্রাপ্ত আপত্তির জবাব | মোট | আলোচ্য মাসে নিষ্পত্তি | অনিষ্পন্ন | প্রদত্ত অনুদানের পরিমাণ (টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | (১+২)= ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| | | | | | | | |

**সেবার নাম: দাফন/অন্ত্যেষ্টিক্রিয়া অনুদান**

**মাসের নাম:**

| গত মাসের জের | আলোচ্য মাসে প্রাপ্ত আবেদন | আলোচ্য মাসে প্রাপ্ত আপত্তির জবাব | মোট | আলোচ্য মাসে নিষ্পত্তি | অনিষ্পন্ন | প্রদত্ত অনুদানের পরিমাণ (টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | (১+২)= ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| | | | | | | | |

**সেবার নাম: শিক্ষাবৃত্তি**

**অর্থবছর:**

| জেলার নাম | বৃত্তিপ্রাপ্ত ছাত্র/ছাত্রীর সংখ্যা | অনুদানের পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|
| | | | |

**সেবার নাম: স্টাফবাস কর্মসূচি**

**মাসের নাম:**

| ক্রমিক | বাসের সংখ্যা | সচল বাসের সংখ্যা | অচল বাসের সংখ্যা | যাত্রীর সংখ্যা | নতুন টিকিটের আবেদনের সংখ্যা | টিকিট বাতিলের আবেদনের সংখ্যা | মেরামতের আবেদনের সংখ্যা | মেরামত ও ব্যয় সংখ্যা | জ্বালানী ব্যয় | মোট আয় | মোট ব্যয় | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১। | নিজস্ব বাস | | | | | | | | | | | |
| ২। | বিআরটিসির বাসের সংখ্যা | | | | | | | | | | | |

**সিদ্ধান্ত:** বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড থেকে প্রদেয় বিভিন্ন অনুদানের তথ্য নির্ধারিত ছক পূরণপূর্বক প্রতিমাসের ৫ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে।

**বাস্তবায়নকারী:** পরিচালক (প্রশাসন) এবং বিভাগীয় পরিচালক (সকল), বিকেকেবি।

৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(তসলিমা কানিজ নাহিদা)
মহাপরিচালক (সচিব)

Scanned with CamScanner